

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৪৬.০৪৬.২০১৫-১১৩২

তারিখঃ ২৪ নভেম্বর, ২০১৫ খ্রিঃ।


বিষয়ঃ জনাব প্রেম সাগর হাজরা, ভাইস চেয়ারম্যান, শ্রীমঙ্গল উপজেলা, মৌলভীবাজার কর্তৃক দায়েরকৃত রীট  
পিটিশন নং- ১০২৪৩/২০১৫ হতে উদ্ধৃত লীড টু আপীল নং ২৮৭৭/২০১৫ এর আদেশ বাস্তবায়ন প্রসংগে।

- সূত্রঃ ১) স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন নং-৩৪২, তারিখ-২৫/০৩/২০১৫ খ্রিঃ।  
২) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-১০৭৯, তারিখ-০১/১১/২০১৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব প্রেম সাগর হাজরাকে সূত্রোক্ত ১নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশের বিরুদ্ধে জনাব প্রেম সাগর হাজরা রীট পিটিশন নং-১০২৪৩/২০১৫ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের ২২/০৯/২০১৫ তারিখের আদেশে স্থানীয় সরকার বিভাগ হতে জারীকৃত ২৫/০৩/২০১৫ তারিখের প্রজ্ঞাপনের কার্যকরিতা ৬ (ছয়) মাসের জন্য স্থগিত করা হয়। সে প্রেক্ষিতে সূত্রোক্ত ২নং স্মারকে স্থানীয় সরকার বিভাগ হতে ২৫/০৩/২০১৫ খ্রিঃ তারিখের স্মারক নং-৪৬.০৪৫.০২৭.০৮.৪৬.০৪৬.২০১৫-৩৪২ এ জারীকৃত প্রজ্ঞাপনের কার্যকরিতা ৬ (ছয়) মাসের জন্য স্থগিতের নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে গত ০৫/১১/২০১৫ খ্রিঃ তারিখে মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগ কর্তৃক ২২/০৯/২০১৫ খ্রিঃ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগের প্রদত্ত স্থগিতাদেশ রুলের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিত করা হয়।

এমতাবস্থায়, মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত ২২/০৯/২০১৫ খ্রিঃ তারিখের আদেশের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের ০১/১১/২০১৫ খ্রিঃ তারিখের ৪৬.০৪৫.০২৭.০৮.৪৬.০৪৬.২০১৫-১০৭৯ সংখ্যক স্মারকে প্রদত্ত নির্দেশনা প্রত্যাহারপূর্বক ২৫/০৩/২০১৫ খ্রিঃ তারিখের ৩৪২নং প্রজ্ঞাপন বহাল রাখা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

  
(লুৎফুন নাহার) ২৪/১১/১৫

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail: [lgd.upazila2@gmail.com](mailto:lgd.upazila2@gmail.com)

প্রাপকঃ

উপজেলা নির্বাহী কর্মকর্তা,  
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ০৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৬। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ০৭। জনাব প্রেম সাগর হাজরা, ভাইস চেয়ারম্যান (বরখাস্তকৃত), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।